



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৯১২৪.০৩৫.৪৬.০৬৪.১৫-১৮২


তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ অনুযায়ী ইতিপূর্বে প্রকাশিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি স্থগিতের প্রজ্ঞাপনের গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার আমতৈল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে ০৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ২১৫১৩নং পৃষ্ঠায় প্রকাশিত ১৭.০০.৯১২৪.০৩৫.৪৬.০৬৪.১৫-১০৫২নং স্মারকের সংশোধিত গেজেট বিজ্ঞপ্তিটি মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশের প্রেক্ষিতে মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত মোতাবেক প্রজ্ঞাপন আকারে স্থগিত করায় ০৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত উক্ত প্রজ্ঞাপনের ১৫ (পনের) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

  
০৯/০২/২০২০

(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

ফোনঃ ৫৫০০৭৫৬৫

ফ্যাক্স নং-৫৫০০৬৬৭৭

মোবাইলঃ+৮৮-০১৫৫০০৪২০৫৩

mizanr63@yahoo.com

জেলা প্রশাসক

ময়মনসিংহ

নং-১৭.০০.৯১২৪.০৩৫.৪৬.০৬৪.১৫-১৮২

তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ (০২ কপি)
- ৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ (০৩ কপি) [ ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ (০২ কপি)
- ৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ (০২ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)।

(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ৫, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২০ মাঘ ১৪২৬/০৩ ফেব্রুয়ারি ২০২০

নং ১৭.০০.৯১২৪.০৩৫.৪৬.০৬৪.১৫-১৭৫।—মাননীয় হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-১২৩২৯/২০১৯ এর বিগত ৩১-১০-২০১৯ খ্রিঃ তারিখের আদেশে বিজ্ঞ নির্বাচনি আপিল ট্রাইব্যুনালের বিগত ৩১-১০-২০১৯ খ্রিঃ তারিখে প্রকাশিত রায় এবং নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক ০৩-০৯-২০১৯ খ্রিঃ তারিখে প্রকাশিত সংশোধিত গেজেটের কার্যক্রম ৩ (তিন) মাসের জন্য স্থগিত করায় উক্ত সংশোধিত গেজেট স্থগিতকরণের আইনগত বাধ্যবাধকতা থাকায় ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার আমতৈল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে নির্বাচনি ট্রাইব্যুনালের রায় অনুযায়ী জনাব মোহাম্মদ আব্দুল হান্নান এর নামে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ০৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে ২১৫১৩ নং পৃষ্ঠায় প্রকাশিত ১৭.০০.৯১২৪.০৩৫.৪৬.০৬৪.১৫-১০৫২ নং স্মারকের সংশোধিত বিজ্ঞপ্তি নির্বাচন কমিশন এতদ্বারা স্থগিত করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(২০১১)

মূল্য : টাকা ৪.০০